## ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস কবলিত এলাকার চিংড়িচাষিদের করণীয়

মাছ ও চিংড়ি চাষের জলাশয়ে গাছের ডালপালা, মৃত প্রাণী বা অন্য কোন ময়লা আবর্জনা থাকলে তা অপসারণ করুন। এ জাতীয় জৈব পদার্থের পচন পানির দূষণ ঘটায়।

- গলদা খামারে লবণাক্ত পানি প্রবেশ করে থাকলে তা ক্রমান্বয়ে বের করে দিয়ে উপযুক্ত স্বাদু পানি সরবরাহের ব্যবস্থা নিন।
- পানি পরিবর্তনের সুবিধা থাকলে মাছ ও গলদার পুকুর/ঘেরের এক-তৃতীয়াংশ পানি বের করে সমপরিমাণ দূষণমুক্ত স্বাদু পানি সরবরাহের ব্যবস্থা নিন।
- বাগদার ঘেরের এক-তৃতীয়াংশ পানি বের করে আধা-লবণাক্ত পানি সরবরাহের ব্যবস্থা নিন।
- চাষ এলাকা থেকে জালের সাহায্যে অবাঞ্ছিত জলজ এবং উভচর প্রাণী অপসারণের ব্যবস্থা নিন।
- চিংড়ির পুকুর/ঘেরে ব্যবহৃত আশ্রয়স্থল যেমন- বাঁশের কঞ্চি, পিভিসি পাইপ, প্লাষ্টিক খাঁচা ভেসে গেলে পুনরায় তা স্থাপন করুন অথবা আগামী মৌসুমে ব্যবহারের জন্য সংরক্ষণ করুন।
- চাষ এলাকায় মাছ বা চিংড়ি মজুদ না থাকলে প্রতি শতকে প্রতি ১৫ দিন পর পর ২৫০ গ্রাম হারে চুন (CaO) পানিতে গুলে রেখে একদিন পর পানিতে ছিটিয়ে দিতে হবে অথবা প্রতি শতকে ৫০০ গ্রাম হারে কৃষি চুন ($CaCo_3$) পানিতে গুলে ছিটিয়ে দিতে হবে।
- খামারের আহরণযোগ্য চিংড়ি ধরে সুষ্ঠুভাবে পরিবহন ও মানসম্মতভাবে তা বাজারজাত করুন।
- আগামী চাষ মৌসুমের জন্য এখনই পরিকল্পনা গ্রহণ করুন এবং প্রয়োজনে ঋণের জন্য আবেদন করুন।
- বিস্তারিত পরামর্শের জন্য নিকটস্থ মৎস্য অফিসে যোগাযোগ করুন।

*জনসচেতনতায় ঃ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।*

DFP-128-13/12/07 G-24

# মিতব্যয়ী হউন, সঞ্চয় করুন
# আপনার সঞ্চয় দেশের সমৃদ্ধি

### বর্তমানে চালু বিভিন্ন সঞ্চয় স্কীমের মুনাফার হার

১। পাঁচ-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র ঃ মেয়াদান্তে মুনাফা ১২% (এক মেয়াদের জন্য স্বয়ংক্রিয়ভাবে পুনঃ বিনিয়োগযোগ্য)
২। তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ঃ ( তিন বছর মেয়াদী) মেয়াদান্তে মুনাফা ১১.৫০%।
৩। পেনশনার সঞ্চয়পত্র (পাঁচ বছর মেয়াদী)ঃ মেয়াদান্তে মুনাফা ১২.৫০%
৪। তিন বছর মেয়াদী জাতীয় বিনিয়োগ বন্ড ঃ মুনাফার হার ৮.৫০%।
৫। ওয়েজ আর্ণার ডেভেলপমেন্ট বন্ড ( পাঁচ বছর মেয়াদী)ঃ মুনাফার হার ১২%(চক্রবৃদ্ধি হারে )।
৬। বাংলাদেশ প্রাইজ বন্ড ঃ প্রতি তিন মাস অন্তর ড্র। প্রথম পুরস্কার ৬ লক্ষ টাকা। এ ছাড়া অন্যান্য উল্লেখযোগ্য পুরস্কার।
৭। ডাকঘর সঞ্চয় ব্যাংক ঃ
(ক) সাধারণ হিসাব ঃ মুনাফা ৭.৫০%।
(খ) মেয়াদী হিসাব(তিন বছর মেয়াদী)ঃ মুনাফা ১২%
(স্বয়ংক্রিয়ভাবে এক মেয়াদের জন্য পুনঃ বিনিয়োগযোগ্য)
৮। ডাক জীবন বীমা ঃ প্রিমিয়ামের হার কম কিন্তু বোনাসের হার বেশী।
৯। ইউ,এস ডলার প্রিমিয়াম বন্ড ঃ মেয়াদান্তে মুনাফা ৭.৫০%।
১০। ইউ,এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ঃ মেয়াদান্তে মুনাফা ৬.৫০%।

[বিঃদ্রঃ পাঁচ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক, মেয়াদী হিসাবে স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগের অর্থ হচ্ছে-মেয়াদ শেষে নগদায়ন/উত্তোলন না করা হলে অর্জিত মুনাফাসহ আসল অর্থ মেয়াদপূর্তীর তারিখের ধার্যকৃত মুনাফার হারে আর এক মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ হয়েছে বলে গন্য হবে]

**আপনার নিকটস্থ সঞ্চয় ব্যুরো/ডাকঘর/ব্যাংকের সাথে যোগাযোগ করে আপনার সুবিধামত সঞ্চয় স্কীমে বিনিয়োগ করে নিজে লাভবান হউন এবং দেশ সেবায় অবদান রাখুন।**

আপনার সেবায়
জাতীয় সঞ্চয় পরিদপ্তর

AD002

DFP-129-13/12/07 G-25

কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা অর্জন হোক
# মহান বিজয় দিবসের অঙ্গীকার

কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আধুনিক ও লাগসই প্রযুক্তি এবং প্রয়োজনীয় তথ্যাদি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়াই
## আমাদের লক্ষ্য
### এ লক্ষ্য অর্জনে আমাদের সঙ্গে আপনিও অংশীদার হোন–





কৃষি সেক্টরের ঐতিহ্যবাহী ম্যাগাজিন মাসিক কৃষিকথা পড়ুন। কৃষিকথা'র গ্রাহক হোন। গ্রাহক চাঁদা বার্ষিক ডাক খরচসহ মাত্র ৪০.০০ টাকা। গ্রাহক হবার ঠিকানা: পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫। কৃষিকথায় কৃষি বিষয়ক মানসম্মত লেখা দিন।



বাংলাদেশ বেতারের জাতীয় অনুষ্ঠান 'দেশ আমার মাটি আমার' প্রতিদিন সন্ধ্যে ৭-০৫ মিনিটে শুনুন। এছাড়া প্রতিদিন সকালে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুর কেন্দ্র থেকে প্রচারিত আঞ্চলিক অনুষ্ঠান 'কৃষি সমাচার' এবং রাজশাহী কেন্দ্রের 'ক্ষেত খামার সমাচার' ও সিলেট কেন্দ্রের 'আজকের চাষাবাদ' নিয়মিত শুনুন।
প্রতিদিন বিকেল/সন্ধ্যেয় প্রচারিত ঢাকা কেন্দ্রের আঞ্চলিক অনুষ্ঠান 'সোনালী ফসল', চট্টগ্রাম কেন্দ্রের 'কৃষি খামার', খুলনা কেন্দ্রের 'চাষাবাদ', রংপুর কেন্দ্রের 'ক্ষেত খামারে', রাজশাহী কেন্দ্রের 'সবুজ বাংলা', সিলেট কেন্দ্রের 'শ্যামল সিলেট'সহ রাঙ্গামাটি, বরিশাল, কক্সবাজার ও ঠাকুরগাঁও কেন্দ্র থেকে প্রচারিত অনুষ্ঠানসমূহ নিয়মিত শুনুন এবং কৃষির আধুনিক ও লাগসই প্রযুক্তি সম্পর্কে ধারণা নিন।

বাংলাদেশ টেলিভিশনের কৃষি বিষয়ক জাতীয় অনুষ্ঠান মাটি ও মানুষ প্রতি বুধবার সন্ধ্যে ৭ টায় ও রবিবার সন্ধ্যে ৭-০৫ মিনিটে এবং প্রতি শনি ও মঙ্গলবার দুপুর ১-৩০ মিনিটে দেখুন। এছাড়া প্রতি সোমবার রাত ৮-৩৫ মিনিটে কৃষি বিষয়ক বিশেষ অনুষ্ঠান কৃষি দিবানিশি দেখুন।







কৃষি তথ্য সার্ভিস-এর ভ্রাম্যমাণ চলচ্চিত্র ইউনিটের মাধ্যমে গ্রাম বাংলায় প্রচারিত কৃষি বিষয়ক প্রামাণ্য চলচ্চিত্র নিজে দেখুন, অন্যকে দেখতে উৎসাহিত করুন। বিনোদনের মাধ্যমে কৃষি প্রযুক্তি গ্রহণ করুন।


কৃষি তথ্য সার্ভিস
কৃষি মন্ত্রণালয়


DFP-127-13/12/07 G-23

# ডায়রিয়া, আমাশয়, জন্ডিস ও কৃমি
## প্রতিরোধে
# অভ্যাস করুন-সুস্থ থাকুন




স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

DFP-130-13/12/07 G-26